



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের ক্লাশ শুরু নবাগত শিক্ষার্থীদের সাথে উপাচার্যের শুভেচ্ছা বিনিময়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৩ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ কার্যক্রম শুরু হয়েছে। ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ প্রতিটি বিভাগের পক্ষ থেকে নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে শ্রেণি কক্ষে বরণ করে নেয়া হয়। এ দিন সকালে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ক্লাশ কার্যক্রম পরিদর্শন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় নবাগত শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন উপাচার্য মহোদয়। শুভেচ্ছা বিনিময়কালে উপাচার্য মহোদয় নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যাগিং সম্পূর্ণরূপে নিষিদ্ধ। যদি তোমরা কেউ র্যাগিংয়ের শিকার হও তাহলে সেটি তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করবে। র্যাগিংয়ের বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সবসময়ে জিরো টলারেন্স নীতি অনুসরণ করে। র্যাগিংয়ের সাথে জড়িত কাউকে ছাড় দেয়া হবে না। উপাচার্য মহোদয় নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, তিনটি বিষয়ে তোমাদের দায়বদ্ধতা রয়েছে। পরিবারের প্রতি, দেশের প্রতি ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এদেশ স্বাধীনতা লাভ করেছে। এ বিষয়গুলোসহ স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চেতনা এবং আদর্শকে মন ও মননে গোঁথে তোমরা তোমাদের জীবনকে পরিচালিত করবে। শুভেচ্ছা বিনিময়কালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৬টি অনুষদের অধীন ২৫টি বিভাগে ১৫২০ টি আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তি করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-২৩

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস